

সংবাদ

চট্টগ্রাম শিক্ষা বোর্ড

জালিয়াতির অভিযোগে

সেকশন অফিসারকে

অব্যাহতি

■ চট্টগ্রাম বারো

আদালতের রিট জালিয়াতিতে জড়িত থাকার দায়ে সেকশন অফিসার মো. জাহাঙ্গীরকে সকল দাপ্তরিক কার্যক্রম থেকে অব্যাহতি দিয়েছে চট্টগ্রাম শিক্ষা বোর্ড। গতকাল বুধবার এ আদেশ দেওয়া হয়। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক শাহজাহান সমকালকে বলেন, 'রিট জালিয়াতির ঘটনায় জড়িত শিক্ষার্থীদের লিখিত জবানবন্দি নেওয়া হয়। তাদের বক্তব্যে একজন কর্মকর্তার নাম আসে। তাই তাকে দাপ্তরিক কাজ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।' তিনি আরও বলেন, 'তদন্তকাজ চলা পর্যন্ত থাকে অব্যাহতি দেওয়া হয়েছে। কারণ সে থাকলে তদন্ত প্রভাবিত হতে পারে। তদন্ত শেষে প্রতিবেদন পেলে কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।'

চট্টগ্রাম বোর্ড সূত্রে জানা যায়, নগরীর আগ্রাবাদ খাজা আজমেরী উচ্চ বিদ্যালয়ের চার শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য হয়। তাদের ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার অনুমতি দেয়নি স্কুল কর্তৃপক্ষ। এসএসসি পরীক্ষা ওরফর দুই দিন আগে হাইকোর্টের একটি রিটের কপি খাজা আজমেরী স্কুলে যায়। রিটে স্কুলের শিক্ষার্থী মোহাম্মদ আবদুল রাসেল, দুর্জয় রায়, মোহাম্মদ রাশেদুল ইসলাম ও মুনায়েম তাজওয়ার আবেদন করে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার আদেশ দেওয়া হয়। চার পরীক্ষার্থীর রিট যাচাই করে দেখার উদ্যোগ নেয় শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। প্রাথমিকভাবে রিটগুলো ভূয়া প্রমাণ পেয়ে ওই চার শিক্ষার্থী ও স্কুলের প্রধান শিক্ষককে ডাকা হয়। তাদের বক্তব্য থেকে জানা যায়, এ রিটের জন্য তাদের কাছ থেকে ১৬ হাজার টাকা করে ৬৪ হাজার টাকা নেন সেকশন অফিসার মোহাম্মদ জাহাঙ্গীর।